



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

অক্টোবর ১১, ২০২৬

বিষয় : শাখার নতুন কোড নম্বর প্রদান না করা প্রসঙ্গে।

সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, বিগত ১৮ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে শাখার নতুন নামকরণ ও কোড নম্বর প্রদান বিষয়ে একটি অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি দিয়া হয়েছিল। উক্ত বিজ্ঞপ্তিতে সকলে অবহিত করা হয় যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) ও পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ) এর পরামর্শ এবং অন্যান্য সমজাতীয় প্রতিষ্ঠানের সাথে সামঞ্জস্য বিধান করে প্রতিবেদনসহ যাবতীয় কাজ করার লক্ষ্যে শাখা ভিত্তিক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত হয়। শাখা ভিত্তিক কার্যক্রম শুরুর পর শাখাগুলোর সুনির্দিষ্ট নাম বা কোড নম্বর ছিল না। প্রতিটি এলাকা থেকে শাখা ভিত্তিক নাম লাইন ম্যানেজমেন্টের মাধ্যমে নিয়ে এসে প্রতিটি শাখার নতুন কোড নম্বর প্রদান করা হতো। এ প্রেক্ষিতে শাখার নাম ও কোড নম্বর (ক্রমানুসারে) প্রদান করে একটি তালিকা প্রতিটি এলাকায় পাঠানো হয় এবং কোন শাখা খোলা হলে তারই আলোকে নতুন কোড নম্বর প্রদান করতে বলা হয়।

এখানে উল্লেখ্য যে, বর্তমানে সফটওয়্যারে পুরোনো কোড ব্যবহার করা হয়েছে এবং সেই অনুযায়ী প্রশিকার সকল কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে। তাই নতুন কোড ব্যবহার না করার জন্য সকলকে বিনীতভাবে অনুরোধ করা হলো এবং ১৮ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে শাখার নতুন নামকরণ ও কোড নম্বর প্রদান বিষয়ে অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি বাতিল করা হলো।

ধন্যবাদ

মো: মিজানুর রহমান (ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী)

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

মিরপুর, ঢাকা।

- অনুলিপি : ১. উপ-প্রধান নির্বাহীদ্বয়-সদয় অবগতির জন্য
২. সকল পরিচালক/সিনিয়র পরিচালক-সদয় অবগতির জন্য
৩. মানবসম্পদ বিভাগ-প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য
৪. প্রশিকা Webpage-প্রশিকার সকল স্তরের ব্যবস্থাপক ও কর্মীদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য
৫. অফিস কপি।